ঢাকা ওয়াসা

বিষয়ঃ দুই দিন (২৫ ও ২৭ আগষ্ট/২০২৬ খ্রিঃ) ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিচালনার খরচ মেটানোর লক্ষ্যে অস্থায়ী অগ্রীম হিসাবে ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা অনুমোদন প্রসঙ্গে।

২০। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-৭ এর আওতাধীন যাত্রাবাড়ী,শ্যামপুর, কদমতলী ও ডেমরা এলাকার অবৈধ পানির সংযাগ বিচ্যুতি করণ ও বকেয়া রাজস্ব আদায়ের লক্ষ্যে ২৫/০৮/২০২৬ খ্রিঃ ও ২৭/৮/২০২৬ খ্রিঃ০২(দুই)দিন ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ মহোদয়ের আদালত-১ এর স্মারক নং-৪৬.১১৩.০০.২১৫.০০.০০.০১.২০২৬/৩৬, তারিখঃ ২২/০৭/২০২৬ খ্রিঃ এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে (সংযুক্তি নং-১)। ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৭ এবং বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের কর্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীসহ পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। আদালতের সার্বিক কাজ সমাধান করণে, বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা এবং উপস্থিত কর্মকর্তা/কর্মচারী ও পুলিশ ফোর্সের দুপুরের আপ্যায়ন, লেবার মিস্ত্রি ও যন্ত্রপাতি বাবদ খরচ নিম্নোক্ত খাতে ০২ (দুই)দিনে মোট ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকার আর্থিক বরাদ্দের প্রয়োজন।

ক্রম নং	খরচের খাত	সম্মানীর/ভাতার পরিমাণ এবং ভ্রাম্যমাণ আদালতের সংখ্যা	ব্যয়িত টাকার পরিমাণ
১।	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৩০০০×২ দিন	=৬,০০০/-
২।	সংযোগ বিচ্যুতিকারী কর্মকর্তা/কর্মচারীদের , দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭০০০×২ দিন	=১৪,০০০/-
৩।	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫০০০×২ দিন	=১০,০০০/-
৪।	শ্রমিক ও অন্যান্ন আনুষাঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩০০০×২ দিন	=৬,০০০/-
		সর্বমোট খরচ	=৩৬,০০০/-

কথায়ঃ ছত্রিশ হাজার টাকা মাত্র

২১। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোছাঃ রুমানা আফরোজ মহোদয়ের আদালত-১ এর ২৫/০৮/২০২৬ খ্রিঃ ও ২৭/০৮/২০২৬ খ্রিঃ ০২ (দুই) দিনের ভ্রাম্যমাণ আদালত পরিচালনার নিমিত্ত বর্ণিত খাতের খরচ মিটানোর জন্য মোট ৩৬,০০০/-(ছত্রিশ হাজার) টাকা স্পেশাল ড্রাইভ খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১)ধারা অনুযায়ী রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) ও জোনাল প্রধান, রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা এর অনুকূলে অস্থায়ী অগ্রীম অনুমোদন দেয়া যেতে পারে। যা বর্ণিত কার্য সম্পাদনের পর প্রকৃত খরচের বিল ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

মোঃ মামুনুর রশিদ
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ) ও
জোনাল প্রধান
রাজস্ব জোন-৭, ঢাকা ওয়াসা

১০/৮/২৬
মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-০১
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন(১৪ তলা)
কাওরান বাজার ঢাকা-১২১৫
www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/ ৬৯

তারিখঃ ২২/০৭/২০২৬

বিষয়ঃ আগস্ট/২০২৬ইং মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকার নিম্নলিখিত এলাকায় ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং)আইন সহ অন্যান্য আইন অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০২/০৮/২৬খি. হতে ৩১/০৮/২৬ খ্রি. তারিখ পর্যন্ত সময় নিম্নলিখিত ছকে ধার্য করা হয়েছে।

ক্রমিক নং	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
১	০৬	রমনা, মতিঝিল, রামপুরা, খিলগাঁও, পল্টন।	০২/০৮/২৬, ০৩/০৮/২৬
২	০১	যাত্রাবাড়ী,মতিঝিল, ওয়ারী, সুত্রাপুর	০৪/০৮/২৬, ০৬/০৮/২৬
৩	০৪	মিরপ মডেলথানা, রুপনগর, পল্লবী, শাহআলীবাগ, দারুসসালাম।	০৯/০৮/২৬, ১০/০৮/২৬
৪	০৮	গুলশান, ভাটারা, বাড্ডা, খিলক্ষেত।	১১/০৮/২৬, ১২/০৮/২৬
৫	০৩	মোহাম্মদপুর,ধানমন্ডি,আদাবর,নিউমার্কেট।	১৩/০৮/২৬, ১৬/০৮/২৬
৬	১০	মিরপুর মডেল থানা,কাফরুল,পল্লবী,ভাষানটেক।	১৭/০৮/২৬, ১৮/০৮/২৬
৭	০৯	উত্তরা, এয়ার পোর্ট, খিলক্ষেত,উত্তর খান,দক্ষিণ খান।	১৯/০৮/২৬, ২০/০৮/২৬
৮	০৫	বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল।	২৩/০৮/২৬, ২৪/০৮/২৬,
৯	০৭	যাত্রাবাড়ী, শ্যামপুর, কদমতলী, ডেমরা।	২৫/০৮/২৬, ২৭/০৮/২৬
১০	০২	লালবাগ, বংশাল, চকবাজার, হাজারীবাগ।	৩০/০৮/২৬, ৩১/০৮/২৬

এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখে সকাল ৮.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসার সহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স ছক অনুযায়ী মিরপুর পুলিশ লাইন্স/ রাজারবাগ পুলিশ লাইন্স/ সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০

মোছাঃ রুমানা আফরোজ
(সিনিয়র সহকারী সচিব)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-১, ঢাকা ওয়াসা
ফোনঃ ০২-৫৫০১২০০৭
ruto.afroze102@gmail.com
তারিখঃ ২২/০৭/২৬

স্মারক ৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/৬৯

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. ব্যবস্থাপনা পরিচালক,ঢাকা ওয়াসা।
২. উপ- ব্যবস্থাপনা পরিচালক(মানব সম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/,ঢাকা ওয়াসা।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
৪. সচিব, ঢাকা ওয়াসা।
৫. বানিজ্যিক ব্যবস্থাপক,ঢাকা ওয়াসা।
৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৭. উপ-পুলিশ কমিশনার(অপারেশন), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, রমনা, ঢাকা ওয়াসা।
৮. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট,আদালত-১/২/৩, ঢাকা ওয়াসা।
৯. নির্বাহি প্রকৌশলী, মডস জোন০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। একজন উপ-বিভাগীয় প্রকৌশলীর নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছকারী দল প্রস্তত রাখার জন্য অনুরোধ করা হল।
১০. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জান-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্যুতকারী দল প্রস্তত রাখার জন্য অনুরোধ করা হল।
১১. অফিসার ইনচার্জ-- ঢাকা মেট্রোপলিটন পুলিশ,ঢাকা।
১২. পরিবহন কর্মকর্তা,ঢাকা ওয়াসা।নির্ধারিত সকাল ৮.০০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস জ্বালানীসহ প্রস্তত রাখার জন্য অনুরোধ করা হল।
১৩. অফিস কপি।

22/07/26

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-১,ঢাকা ওয়াসা